দৈনিক বাংলা

তারিখ ... 15 OCT 1991 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

80

# আজ ঢাকা ভার্সিটি শোক দিবস

১৯৮৫ সনের ১৫ই অক্টোবর রাতে জগন্নাথ হলে সংঘটিত মর্মান্তিক দুর্ঘটনায় নিহত ছাত্র, অতিথি ও কর্মচারীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে আজ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিস্তৃত কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

কর্মসূচীতে রয়েছে : সকাল ৬-০০টায় সকল হল ও বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা ও কালো ব্যাজ ধারণ, সকাল ৬-৩০ মিনিটে অপরাজেয় বাংলার পাদদেশ থেকে জগন্নাথ হল পর্যন্ত শোক মিছিল, এবং জগন্নাথ হল প্রাঙ্গণে নিহতদের স্মরণে নির্মিত স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন। শোক মিছিলে যোগদানের জন্য বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি বিশেষভাবে অনুরোধ জানানোহয়েছে।

সকাল ৮-০০টা থেকে ১১-০০টা পর্যন্ত জগন্নাথ হল প্রাঙ্গণে হিন্দু, বৌদ্ধ ও খৃষ্টানদের প্রার্থনা সভা অনুষ্ঠিত হবে। সকাল ১১-৩০ মিনিটে জগন্নাথ হল ছাত্র সংসদের ব্যবস্থাপনায় একটি 'স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী' অনুষ্ঠিত হবে। বিকেল ৪-০০টায় উক্ত হল সংসদ একটি স্মরণ সভার আয়োজন করবে এবং সভা শেষে সন্ধ্যায় একটি গীতি আলেখ্য (হৃদয় অক্টোবর) অনুষ্ঠিত হবে। বাদ আছর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদে দুর্ঘটনায় নিহতদের জন্য মোনাজাত করা হবে। এছাড়া, সকাল ৯-০০টা থেকে সন্ধ্যা ৬-০০টা পর্যন্ত দুর্ঘটনায় নিহতদের তৈলচিত্র ও তৎসম্পর্কিত দ্রব্যাদি প্রদর্শনের ব্যবস্থা করা হবে। খবর বিজ্ঞপ্তির।